

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 07.11.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আবাস যোজনা প্রকল্পে যেসব উপভোক্তার নাম বাদ পড়েছে, তাদের তথ্য পুনরায় যাচাই করতে আজ বিশেষ সমীক্ষা শুরু হচ্ছে।
- ২) দুদিন পিছিয়ে যাওয়ার পর সুপ্রিম কোর্টে আজ আর জি কর কাভে স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হতে পারে।
- ৩) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে বৈঠকে দেওয়া আশ্বাস, কাজ ও কাজের ফারাক নিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে জুনিয়র চিকিৎসকরা।
- ৪) উত্তরবঙ্গে ১০ নম্বর জাতীয় সড়কের সেবক থেকে রংপো পর্যন্ত রাস্তার সংস্কার ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিয়েছে কেন্দ্রীয় সরকার।
- ৫) জগদ্ধাত্রী পূজোর আজ ষষ্ঠী।  
#চারদিনব্যাপী ছট পূজোর তৃতীয় দিনে আজ অন্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করবেন ছটব্রতীরা।

কেন্দ্রের বেঁধে দেওয়া বিভিন্ন শর্তের কারণে আবাস যোজনা প্রকল্পে যেসব উপভোক্তার নাম বাদ গেছে তাঁদের তথ্য পুনরায় যাচাই করতে আজ থেকে বিশেষ সমীক্ষা বা সুপার চেকিং শুরু হচ্ছে। চলবে ১০ই নভেম্বর পর্যন্ত। জেলাশাসক, পুলিশ

সুপার, অতিরিক্ত জেলাশাসক এবং মহকুমা শাসকের মতো উচ্চপদস্থ আধিকারিকরা এবার সেই তালিকা যাচাই করবেন। যোগ্য কেউ যাতে তালিকা থেকে বাদ না পড়েন তা নিশ্চিত করতেই এই উদ্যোগ।

এদিকে, আবাস যোজনার তালিকায় অযোগ্যদের নাম থাকা নিয়ে জেলায় জেলায় প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে গতকাল বাংলা আবাস যোজনা প্রকল্পের সমীক্ষাকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস এবং আইএসএফের মধ্যে দফায় দফায় সংঘর্ষ বাঁধে। আহত দুপক্ষের বেশ কয়েকজন। জানা গেছে, কাশীপুর থানার উত্তর মরিচা এলাকায় আবাস যোজনা প্রকল্পের সমীক্ষা করতে গিয়েছিলেন সরকারি আধিকারিকরা। সেসময়ই দুইদলের সমর্থকদের মধ্যে অশান্তি বাধে। আইএসএফের অভিযোগ, আবাস যোজনা প্রকল্পের প্রাপকদের তালিকায় তৃণমূল-ঘনিষ্ঠ এমন সব ব্যক্তিদের নাম রয়েছে যাঁদের পাকা বাড়ি আছে। এর প্রতিবাদ করাতেই আত্মসম্মতি হয়েছেন তাঁরা। শাসক দলের পাল্টা দাবি, বিনা প্ররোচনায় তাদের কর্মীদের উপর হামলা চালিয়েছে আইএসএফ।

অন্যদিকে, আবাস দুর্নীতি নিয়ে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে। বিজেপির রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেছেন, পশ্চিমবঙ্গে সবচেয়ে বড় স্পর্শকাতর দুর্নীতি হয়েছে আবাস যোজনায়।

(বাইট)

সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী কটাক্ষ করে বলেছেন, রাজ্যে হেন কোনো কাজ নেই, যেখানে তৃণমূল কংগ্রেস দুর্নীতি করেনি।

(বাইট)

অস্থিরতা তৈরি এবং রাজ্য সরকারের বিরুদ্ধে কুৎসা রটাতেই বিরোধী দলগুলি বিক্ষোভ প্রতিবাদ করছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট )

---

দুদিনে তিনবার পিছিয়ে যাওয়ার পর সুপ্রিম কোর্টে আজ RG Kar -এর স্বতঃপ্রণোদিত মামলার শুনানি হতে পারে। গত মঙ্গলবার শুনানী হওয়ার কথা থাকলেও প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের সুপ্রিম কোর্টের লোগো উদ্বোধন সংক্রান্ত অনুষ্ঠান থাকায় তা হয়নি। এরপর গতকাল অন্য মামলার শুনানিতে বিকেল গড়িয়ে যাওয়ায় আজ এই মামলা শুনবেন বলে প্রধান বিচারপতি জানান। আজ সিবিআই-এর এখনও পর্যন্ত তদন্তের 'স্টেটাস রিপোর্ট' জমা দেওয়ার কথা।

উল্লেখ্য, ১০ তারিখ প্রধান বিচারপতির পদ থেকে ডি ওয়াই চন্দ্রচূড়ের অবসর।

৯' ও ১০ তারিখ শনি ও রবিবার হওয়ায় আগামীকালই তাঁর নেতৃত্বে শেষ বেঞ্চ বসবে।

এদিকে, পর পর দুদিন শুনানি পিছিয়ে যাওয়ায় স্বভাবতই হতাশ নির্যাতিতার পরিবার, চিকিৎসকমহল এবং সাধারণ মানুষ। মেয়ের বিচারের জন্য তাদের লড়াই জারি থাকবে বলে জানিয়েছেন তিলোত্তমার মা-বাবা।

(বাইট)

---

জুনিয়র ডাক্তারদের তরফে ডক্টর দেবাশিস হালদার বলেন, বারবার এই মামলা পিছিয়ে যাওয়া দুর্ভাগ্যজনক।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে বৈঠকে দেওয়া আশ্বাস, কাজ ও কাজের ফারাক নিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে জুনিয়র চিকিৎসকরা। মুখ্য সচিব মনোজ পন্থ কে লেখা ই-মেইলে WBJDF-এর তরফে জানানো হয়েছে, ২১ শে অক্টোবরের বৈঠকের প্রেক্ষিতে রাজ্য সরকারের পাঠনো মিনিটস বা রেকর্ডে আলোচিত অনেক বিষয়ের উল্লেখ নেই। রাজ্যের প্রতিটি মেডিকেল কলেজে রেসিডেন্ট ডক্টরস অ্যাসোসিয়েশন-আরডিএ গঠনের বিষয়ে দুপক্ষের কথা হলেও রেকর্ডে তা নেই। তারা আরও জানিয়েছে, মেডিকেল কলেজগুলিতে আগামী বছর মার্চ মাসের মধ্যে ছাত্র সংসদ নির্বাচনের কথা রেকর্ডে থাকলে সুনির্দিষ্ট কোনো সময়সীমার কথা বলা হয়নি।

রেকর্ডে উল্লেখ করা হয়েছে, মেডিকেল কলেজগুলিতে যেকোনো অভিযোগ নিয়ে অধ্যক্ষ রিপোর্ট তৈরি করে মুখ্যসচিবের কাছে পাঠাবেন। কিন্তু এক্ষেত্রে ন্যাশনাল মেডিকেল কমিশনের নিয়ম উল্লেখ করে ইমেলে, কলেজের অভ্যন্তরীণ বিষয়ে মুখ্যসচিবের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন জুনিয়র চিকিৎসকরা। চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায়, রাজ্য পুলিশের ডিজির মান্য কার্যবিধি-এসওপি পাঠানোর কথা থাকলেও এখনও তারা সেটা হাতে পাননি।

রাজ্যের তরফে গঠিত টাস্ক ফোর্স এখনও কোনো বৈঠকে না বসায় দ্রুত তা আয়োজনের কথাও বলা হয়েছে চিঠিতে।

-----

দীর্ঘ টানাপোড়েনের পর উত্তরবঙ্গে সিকিমের সঙ্গে সংযোগরক্ষাকারী ১০ নম্বর জাতীয় সড়কের সেবক থেকে রংপো পর্যন্ত রাস্তাটির দায়িত্ব নিজের হাতে নিল কেন্দ্রীয় সরকার। রাজ্য পূর্ত দপ্তরের কাছ থেকে নিয়ে এই রাস্তাটির সংস্কার এবং রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেওয়া হয়েছে জাতীয় মহাসড়ক পরিকাঠামো উন্নয়ন কর্পোরেশন লিমিটেড -

NHIDCLকে। পাশাপাশি ফুলবাড়ি ভারত-বাংলাদেশ সীমান্ত থেকে শিব মন্দির পর্যন্ত এশিয়ান হাইওয়ে ১০ নম্বর জাতীয় সড়ক হিসেবে বিবেচিত হবে বলে জানানো হয়েছে। নতুন নামকরণ করা হয়েছে একাধিক রাস্তার। ভুটান সীমান্তের জয়গাঁ থেকে হাসিমারা পর্যন্ত জাতীয় সড়কটির নাম দেওয়া হয়েছে ১৩৭ এ। নেপাল সীমান্তের মেচি থেকে পানিটাংকি বাজার এবং বাংলাদেশ সীমান্তের চ্যাংড়াবান্কা থেকে ময়নাগুড়ি পর্যন্ত জাতীয় সড়কটির নাম হয়েছে ৩২৭বি ও ৭১৭।

উল্লেখ্য, সিকিমের লাইফ লাইন হিসেবে পরিচিত ১০ নম্বর জাতীয় সড়কের ৫২ দশমিক ১০ কিলোমিটার অংশটির সংস্কারের অভাবে পর্যটন ও অর্থনীতি মার খাচ্ছে বলে কারণ দেখিয়ে রাস্তাটি নিজেদের দায়িত্বে নেওয়ার জন্য দীর্ঘদিন ধরেই কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানিয়ে আসছিলেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট এবং সিকিমের সাংসদ ইন্দ্র হ্যাং সুব্রা। রাস্তার বেহাল অবস্থার কথা জানিয়ে কেন্দ্রীয় পরিবহন মন্ত্রীর কাছে ধারাবাহিক চিঠি পাঠিয়েছে পর্যটন ব্যবসায়ীদের সংগঠনও।

-----

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চারদিনের সফরে আগামী সপ্তাহে উত্তরবঙ্গ যাচ্ছেন। ১১ই নভেম্বর দার্জিলিং পৌঁছবেন। শিলিগুড়ি হয়ে কলকাতা ফিরবেন ১৪ নভেম্বর। দার্জিলিং থেকে সরস মেলা উদ্বোধনের কর্মসূচি রয়েছে তাঁর। বাকি সফরের সূচি এখনও ঠিক হয়নি। তবে ১৪ই নভেম্বর তিনি শিলিগুড়িতে প্রশাসনিক বৈঠক করবেন বলে জানা গেছে।

-----

পরিশ্রুত পানীয় জলের সংযোগ পাওয়ার পরেও সরবরাহ শুরু হয়নি এমন সাড়ে পাঁচ লক্ষ বাড়িতে ডিসেম্বর মাসের মধ্যে জল সরবরাহ নিশ্চিত করতে নির্দেশ দিয়েছে

রাজ্য সরকার । ওইসব উপভোক্তার জল না পাওয়ার পিছনে কোন অসাধু উদ্দেশ্য থাকলে, দোষীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির নির্দেশও দেওয়া হয়েছে। জনস্বাস্থ্য কারিগরী দফতর সূত্রে জানা গেছে, জল জীবন মিশন প্রকল্পের আওতায় রাজ্যের ৯৩ লক্ষ বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হলেও জল পাচ্ছেন না অনেক উপভোক্তা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিষয়টি নিয়ে উদ্ভা প্রকাশ করার পর দফতরের তরফে এর কারণ খুঁজতে সমীক্ষা করা হয়। দেখা যায় কয়েক যায়গায় পাইপ থেকে জল চুরি করা হচ্ছে। এই পরিস্থিতিতে জল চুরি রুখতে রাজ্য নিজস্ব আইন আনার কথা ভাবছে। নতুন আইনের খসড়াও তৈরি হয়ে গিয়েছে বলে সূত্রের খবর।

---

জগদ্ধাত্রী পূজোর আজ ষষ্ঠী। এই উপলক্ষে হুগলীর চন্দননগর, রিষড়া, ভদ্রেশ্বর সেজে উঠেছে আলোকমালায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতাকল ভদ্রেশ্বর ও চন্দননগরে ১০ টি জগদ্ধাত্রী পূজোর ভারুয়াল উদ্বোধন করেন।

চন্দননগরের পূজো উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেল হাওড়া ডিভিশনে আগামীকাল থেকে ১২ই নভেম্বর পর্যন্ত ৫ জোড়া বিশেষ ট্রেন চালাবে।

হাওড়া-ব্যাভেল শাখায় প্রতিদিন আপ ও ডাউন মিলিয়ে ১০ টি অতিরিক্ত ট্রেন চলবে। হাওড়া-বর্ধমান ডিভিশনে একজোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত হয়েছে।

নদীয়ার কৃষ্ণনগরেও এই পূজো নিয়ে মানুষের আকর্ষণ চিরন্তন। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

---

চারদিনব্যাপী ছট পুজোর তৃতীয় দিনে আজ অন্তিম সূর্যকে অর্ঘ্য নিবেদন করবেন ছটব্রতীরা। আগামীকাল উদীয়মান সূর্যকে অর্ঘ্য অর্পনের পর ভঙ্গ হবে ৩৬ ঘন্টার উপবাস। ছট পুজো, নির্বিঘ্নে সম্পন্ন করতে গঙ্গার ঘাটগুলির পাশাপাশি শহর জুড়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। একটি প্রতিবেদন।

### ভয়েসকাস্ট

এদিকে, দূষনের কথা মাথায় রেখে এইবারও ছট পুজোয় দক্ষিণ কলকাতার রবীন্দ্র সরোবর ও বেলঘাটার সুভাষ সরোবর সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল দুপুর বারোটা পর্যন্ত দুই সরোবর বন্ধ থাকবে। দুটি সরোবরের গেটের সামনে তৈরি করা হয়েছে বাঁশের ব্যারিকেড। বিকল্প হিসাবে ছটপুজোর জন্য শহরের বিভিন্ন জায়গায় তৈরি করা হয়েছে কৃত্রিম জলাশয়।

---